মুজিবনগরে ৪৭ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪৭ বোতল ভারতীয় ফেনসিডিল সহ সিরাজুল (৪৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১১টার সময় মুজিবনগর থানাধীন মানিকনগর গ্রামের জনৈক জলিলের বাড়ির সামনে রাস্তার উপর অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী সিরাজুলকে আটক করে পুলিশ।

এ সময় তার স্বীকারোক্তিতে তার নিজের কাছে বহনকৃত একটি বস্তার মধ্যে লুকিয়ে রাখা অবস্থায় ৪৭ বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ।

আটক মাদক ব্যবসায়ী সিরাজুল চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের ছলেমানের ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, গোপন সংবাদের উপর ভিত্তি করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ(ওসি) মেহেদী রাসেলের নির্দেশে ও নেতৃত্বে এস আই উত্তম কুমার, এস আই সাহেব আলী, এস আই বিপ্লব সহ সঙ্গীয় ফোর্স এই অভিযান পরিচালনা করেন।

ওসি মেহেদি রাসেল জানান মাদকবিরোধী অভিযানে শুক্রবার সকাল সাড়ে ১১ দিকে অভিযান চালিয়ে সিরাজুল নামের এক মাদক ব্যবসায়ীকে ৪৭ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে শনিবার বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান

১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর

মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

শুক্রবার দুপুরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুস সালাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক এ সময় স্বাগত বক্তব্য রাখেন।

এর আগে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ফুল দিয়ে বরণ করা হয়।

মুজিবনগর উপজেলায় যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

মুজিবনগর স্মৃতিসৌধ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কুচকাওয়াজ, ডিসপ্লে, শরীর চর্চা, দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে মহান বিজয় দিবস।

মুজিবনগরে শুক্রবার সারাদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যাদার সহিত মহান বিজয় দিবস পালন করা হয়েছে। ভোর ছয়টার সময় ঐতিহাসিক মুজিবনগর সৃতিসৌধে ৩১বার তোপধনির মাধ্যমে দিবসের শুভ সূচনা করা হয়।

সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।সকাল সাড়ে ৬ টায় মুজিবনগর সৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পুষ্পমাল্য অর্পন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস এর নেতৃত্বে উপজেলা প্রশাসন। জাতীর শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধারা, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল এর নেতৃত্বে মুজিবনগর থানা।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এবং উপজেলা আওয়ামী লীগের (সাবেক) সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ, উপজেলা আনসার ভিডিপি,মুজিবনগর অফিসার্স ক্লাব,মহাজনপুর,বাগোয়ান,মোনাখালি,দারিয়াপুর ইউনিয়নের চেয়ারম্যান,আমাম হোসেন মিলু,আয়ুব হোসেন,মফিজুর রহমান,মাহবুবুর রহমান রবি এর নেতৃত্বে চার ইউনিয়ন পরিষদ।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন সম্পাদক সাকিব এর নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, সেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবকলীগ,মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব ও সম্পাদক মানিক এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, মুজিবনগর প্রেসক্লাব,তাঁতীলীগ, মুক্তিযুদ্ধ প্রজন্মলীগ, সৈনিকলীগ ও মুজিবনগর শিশু পরিবার, মুজিবনগর স্বাস্হ্য কমপ্লেক্স, বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে সকাল সাড়ে ৮ টার সময় উপজেলা পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল, এর পর বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহি অফিসার অনিমষ বিশ্বাস এর উদ্বোধনী বক্তব্যের মধ্যদিয়ে শুরু হয় কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শন ও ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পরিষদ চত্বরে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনে অংশ নেন বীরমুক্তিযোদ্ধা, পুলিশ, বিএনসিসি, আনসার ভিডিপি, বাংলাদেশ স্কাউট ও স্কুল কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা।

সকাল সাড়ে দশটার সময় সকল স্কুল কলেজের শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতা ও সাড়ে ১১ সময় বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়। পরে ক্রীড়া প্রতিযোগী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

এছাড়াও বাদ জোহর জাতীর শান্তি, অগ্রগতি ও মঙ্গল কামনা করে উপজেলার সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধা মত সময়ে মন্দির গীর্জা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ পার্থনা এবং দুপুরে উপজেলার সকল এতিমখানা ও হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। বিকাল তিনটায় শুরু হয় সৌখিন ফুটবল প্রতিযোগিতা, এবং সাংস্কৃতি অনুষ্ঠান। সন্ধায় সকল সরকারী ও বেসরকারী ভবনসমূহে আলোকসজ্জার মধ্যে দিয়ে বিজয় দিবসের দিন ব্যাপি কর্মসূচি শেষ করা হয়।

গাংনীতে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বিজয় দিবস উদযাপন

মেহেরপুরের গাংনীতে নানা কর্মসুচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান বিজয় দিবস। দিবসটি উপলক্ষে ভোরে ৩১ বার তোপধ্বনির মধ্য দিয়ে শুরু হয় দিনের কর্মসূচী।

সূর্যোদয়ের সাথে সাথে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনের পক্ষ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম পুষ্পস্তবক অর্পণ করেন।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, গাংনী প্রেসক্লাব পক্ষ থেকে সভাপতি তৌহিদ উদ দৌলা রেজাসহ সকল সদস্যরা ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

পরে একে বিভিন্ন অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনকসহ নানা শ্রেণী পেশার মানুষ ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

সকাল ৯ টায় আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন করা, মাঠে কুচকাওয়াজ ও শরীরচর্চা আয়োজন করা হয়। বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসনের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধ, যুদ্ধ আহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সংবর্ধনা প্রদান

করা হয়।

এসময় বিজয় দিবসের তাৎপর্যপুর্ণ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও দিনব্যাপী নানা কর্মসূচী পালন করা হয়।

গাংনীতে হেরোইনসহ ছাত্রলীগ নেতা লিমন আটক

মেহেরপুরের গাংনীতে লিমন আহম্মেদ (২১) ছাত্রলীগ নেতাকে হেরোইনসহ আটক করেছে পুলিশ। বুধবার(১৪ডিসেম্বর) গাংনী মহিলা ডিগ্রী কলেজের সামনে থেকে তাকে আটক করা হয়। সে গাংনী বাজার পাড়ার আব্দুর রশিদের ছেলে ও গাংনী উপজেলা ছাত্রলীগের উপ পাঠাগার বিষয়ক সম্পাদক।

গাংনী থানার ডিউটি অফিসার মোহাম্মদ আজম বিশ্বাস জানান, মাদক বিরোধী অভিযানে এসআই সাইফুলের নেতৃত্বে গাংনী মহিলা ডিগ্রি কলেজের সামনে অভিযান চালিয়ে রাত ১১ টার দিকে লিমন আহম্মেদের মোটর সাইকেলের গতিরোধ করে তার দেহ করে ১০ গ্রাম হেরোইন পাওয়া যায়। লিমনকে মোটরসাইকেল আটক করলেও অপর আরোহী গাংনীর শুভ আহমেদ পালিয়ে যায়।

গাংনী থানার ওসি বিষয়টি নিশ্চিত করে বলেন, লিমন আহম্মেদকে ১০ গ্রাম তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলায় আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে চাঁদাবাজ ইংরেজ

গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলার শীর্ষ চাঁদাবাজ ইমরান হোসেন ওরফে ইংরেজ(৩৫)কে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ বৃহষ্পতিবার ভোর রাতে গাংনী থানা পুলিশের একটি টীম তাকে তার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে চাঁদাবাজি ও চুরির মামলায় গ্রেপ্তারী পরওয়ানা রয়েছে।

ইংরেজ গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের তাহাজ উদ্দীনের ছেলে। তাকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ইংরেজ এলাকার চিহ্নিত চাঁদাবাজ। তার বিরুদ্ধে একাধিক অভিযোগ রয়েছে। একটি মামলায় আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারী পরওয়ানা জারী করে। আদালতে গ্রেপ্তারী পরওয়ানা বলে ইংরেজকে গ্রেপ্তার করে মেহেরপুর আদালতৈ প্রেরণ করা হয়।

গাংনী উপজেলা জামায়াতের আমীর রবিউল গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলা জামায়াতের আমীর ডা. রবিউল ইসলাম(৬০) কে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ বৃহষ্পতিবার বেলা ১১ টার দিকে গাংনী থানা পুলিশের একটি টীম রবিউল ইসলামকে তার বাস ভবন থেকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে নাশকতার অভিযোগে আনীত মামলার গ্রেপ্তারী পরওয়ানা রয়েছে।

তিনি গাংনীর বিশ্বাস পাড়ার মৃত আব্দুর রউফের ছেলে। গ্রেপ্তারকৃত রবিউল ইসলামকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গত ১৩ ফেব্রুয়ারী সন্ধ্যা সাড়ে সাতটার দিকে গাংনীর ভাটপাড়া গ্রামের মসজিদে তার দলীয়

লোকজনকে সংগঠিত করে নাশকতার পরিকল্পনা করছিলেন। এসময় পুলিশ অন্যান্য আটক করতে সক্ষম হলেও রবিউল ইসলাম পালিয়ে যায়। এ ব্যাপারে গাংনী থানায় একটি মামলা রুজু করা হয়। যার নম্বর – ১১,তারিখঃ১৩-০২-২২ইং। ওই মামলায় বিজ্ঞ আদালতের গ্রেপ্তারী পরওয়ানা বলে রবিউল ইসলামকে গ্রেপ্তার করা হয়।

সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ৬ জন কারাগারে

মেহেরপুরে গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় কারাগারে পাঠানো হলো গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে।
তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৩০(২)/৩৫ ধারায় মামলা দিয়ে আদালাতে প্রেরণ করলে বিজ্ঞ বিচারক তাদের জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

এর আগে গাংনী থানার এসআই জগদিশ চন্দ্র বসু বাদী হয়ে সাহিদুজ্জামান শিপুসহ ৯ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। যার মামলা নম্বর-২২, তারিখ-১৪/১২/২২ ইং। কারাগারে পাঠানো আরো ৫ আসামি হলেন- গাংনী সরকারী ডিগ্রি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, গাংনী উপজেলা ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। বাকি ৩ আসামি পলাতক রয়েছেন। তারা হলেন- সাহারবাটির জামিরুল ইসলাম, এলাঙ্গীর জামিরুল ইসলাম, এবং কাজিপুরের তপন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গতকাল বুধবার বিকালে তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে আদালতে পাঠালে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মামলার এজাহারে জানা গেছে, সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের সহায়তায় অনলাইন জুয়া ওয়ান এক্স বেট ও মেল বেটের সাব এজেন্ট হিসেবে করিতেছে এবং অনলাইন জুয়া ওয়ান এক্স বেট ও মেল বেট পরিচালিত অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমতি

ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশন মোবাইল ব্যংকিং ব্যবসা বিকাশ/রকেট/নগদ/উপায়ের মাধ্যমে লেনদেন সম্পন্ন করছেন। এমন খবরের ভিত্তিতে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী বাজার সংলগ্ন উত্তরপাড়ায় শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় শিপুর কাছে থেকে তিনটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। জব্দকৃত মোবাইল ফোনে দেখা যায় ২০২০ সালের ২৭ জুলাই তিনি অনলাইন জুয়ার সাইট ওয়ান এক্স বেটের একাউন্ট ওপেন করেন এবং সেই থেকে অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ ই-ট্রানজেকশন করে আসছেন। জব্দকৃত মোবাইল এবং তার নিকট হতে ২লাখ ২৪ হাজার ৫শ টাকা উদ্ধার করা হয়। এছাড়া আসামি রবিউল, উজ্জল, বিপুল, চঞ্চল ও জিয়াউরের নিকট থেকে মোট ২৪টি মোবাইল ফোন জব্দ করা হয়। এবং প্রতিটি মোবাইল ফোনে অনলাইন জুয়ার কার্যক্রমে জড়িত থাকার বিভিন্ন স্ক্রিণশট, লেনদের তথ্য পাওয়া যায়।

আসামিদের জিজ্ঞাসাবাদে জানা যায় বাদী জানায়, আসামি মূল সহযোগী লালু বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে বাংলাদেশী টাকা রাশিয়ান রুবলে পরিণত করে অবৈধভাবে টাকা পাচার করছেন।

এর আগে, মঙ্গলবার রাতে গাংনী শহরের উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করে সাহিদুজ্জামান শিপু, রবিউল ইসলাম, জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল চৌধুরী, জিয়াউর রহমান আটক করে পুলিশ।

প্রসঙ্গত, অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে অনলাইন জুয়া পরিচালিত করে মেহেরপুরের প্রায় দুইশত এজেন্ট রাশিয়ায় কোটি কোটি টাকা পাচার করছেন। মেহেরপুর পুলিশ অনলাইন জুয়ার সেসব দূর্গে হানা দিয়ে এর আগে বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ২৭ জনকে গ্রেফতার করে জেলে পাঠিয়েছে। মেহেরপুর প্রতিদিনও অনলাইন জুয়া নিয়ে ধারাবাহিকভাবে অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করছে। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানেও অনলাইন জুয়ার সাথে জড়িত আরো কয়েকজরে তথ্য পাওয়া গেছে। ধারাবাহিকভাবে সেগুলো প্রকাশ করা হবে।

মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবি দিবসে শহীদদের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন ও আলেচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালে জেলা প্রশাসক চত্তরে বধ্যভুমির স্মৃতিসৌধে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন । পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। বক্তব্য দেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড.আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস,অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইটি) লিউজা-উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুন্ম সম্পাদক এ্যাড.ইব্রাহিম শাহিন, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম, বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী প্রমুখ।

এর আগে শহীদ বুদ্ধিজীবি দিবস উপলক্ষে জেলা প্রশাসক চত্তরের গণকবরে শহীদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা ও আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

মুজিবনগরে ইউ এন ও এর নাম করে বিভিন্ন জনের কাছে টাকা দাবি

মুজিবনগরে ০১৯৫৬৪৫৬১৮৬ এই বাংলালিংক নাম্বার যার কলার আইডি ইউ এন

ও উলিপুর (এট) সানি নামে সেভ কারা আছে এই নাম্বার থেকে কল করে ইউ এন ও, মুজিবনগর পরিচয় দিয়ে স্কুলের প্রধান শিক্ষকদের মোবাইল নাম্বার চাওয়া সহ মেম্বারদের কাছে ফোন দিয়ে টাকা চেয়ে প্রতারণার চেষ্ট করে একটি প্রতারক চক্র।

বুধবার সন্ধায় বাগোয়ান ইউনিয়নের ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক কে ফোন দিয়ে মুজিবনগরের ইউএনও পরিচয় দিয়ে তার ওয়ার্ডের স্কুলের সংখ্যা এবং প্রধান শিক্ষ এটি একটি প্রতারণা চক্র কদের মোবাইল নাম্বার চাই এ সময় তার সন্দেহ হলে তিনি সরাসরি মুজিবনগর নির্বাহী অফিসার কে ফোন দিয়ে বিষয়টা জানালে তখনই প্রতারণার বিষয়টি ধরা পড়ে।

একই সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদের ১ নং সদস্য রফিকুল ইসলাম রফিককেও ফোন দিয়ে টাকা চাওয়া হয়।

এ বিষয়ে ওয়ার্ড সদস্য রফিক বলেন আমাকে ফোন দিয়ে বলা হয় আমি মুজিবনগর ইউএনও বলছি আমার গাড়ি খারাপ হয়ে গেছে আমাকে এখনই বিকাশে ৩ হাজার টাকা পাঠান এবং এসে আমাকে নিয়ে উপজেলায় পৌঁছিয়ে দেন কিন্তু কোন জায়গায় থেকে নিয়ে আসতে হবে সেটি বলেননি।

এ সময় আমি বলি আমার কাছে টাকা নাই। পরে তিনি ফোন কেটে দেন এবং বিষয়টি সন্দেহ হলে ইউএনও স্যারকে ফোন দিলে পরিষ্কার হয় যে এটি একটি প্রতারণা।

প্রতারণা বিষয়ে মুজিবনগর নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, এটি একটি প্রতারক চক্র আমি এ বিষয়ে সবাইকে বলে দিয়েছি এবং থানার ওসি সাহেবকেও বলেছি এবং সবাইকে এই প্রতারকের প্রতারণা থেকে সতর্ক থাকার জন্য বলেছি এবং ফেসবুকে একটি পোস্ট করেছি।সবাইকে সচেতন থাকতে বলেছি।